



রায়হানা তসলিম

প্রকল্প পরিচালক

৯টি সরকারি মাধ্যমিক বিদ্যালয় স্থাপন প্রকল্প

মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, ঢাকা

মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়

রায়হানা তসলিম ১৯৬৮ সালের ১৭ মে নেত্রকোণা শহরে জন্মগ্রহণ করেন। তাঁর পিতা এডভোকেট আবদুর রশীদ আহমেদ ও মাতা মিসেস রেজিয়া খানম। তিনি S.S.C তে ২য় বিভাগ, H.S.C তে ১ম বিভাগ, গণিত (সম্মান)- এ ১ম শ্রেণিতে ২য় স্থান এবং এম.এস.সি'তে গণিত বিষয়ে ঢাকা বিশ্ববিদ্যালয় থেকে ১ম শ্রেণিতে ৩য় স্থান অর্জন করেন। পরবর্তীতে সাফল্যের সাথে বি.এড এবং এম.এড ডিগ্রি অর্জন করেন। তিনি সুইডেন সরকারের সহায়তায় Research Based Diploma in ICT and Pedagogical Development –এর ওপর ডিপ্লোমা ডিগ্রি অর্জন করেন। এছাড়া বাংলাদেশ সরকারের আর্থিক সহায়তায় UK ভিত্তিক আন্তর্জাতিক প্রতিষ্ঠান Chartered Institute of Procurement & Supply (MCIPS)-এ অধ্যয়নরত। ইতোমধ্যে তিনি Diploma এবং Advanced Diploma ডিগ্রি অর্জন করেছেন।

পেশাগত দক্ষতাঃ

জনাব রায়হানা ১৬'শ বিসিএস এর মাধ্যমে ১৯৯৬ সালে সরকারি চাকুরীতে যোগদান করেন। তিনি ঢাকা কলেজ, ইডেন মহিলা কলেজসহ বিভিন্ন স্বনামখ্যাত প্রতিষ্ঠানে শিক্ষকতা করেছেন। সরকারি টিচার্স ট্রেনিং কলেজ, ঢাকায় দীর্ঘদিন প্রায় ৯ বছর গণিত এবং আইসিটি বিষয়ের শিক্ষক প্রশিক্ষক হিসেবে কর্মরত ছিলেন। পরবর্তীতে বাংলাদেশ সরকারের মাধ্যমিক পর্যায়ের প্রকল্প টিচিং কোয়ালিটি ইমপ্ৰুভমেন্ট-২ (TQI-II) ইন সেকেন্ডারি এডুকেশন প্রজেক্ট-এ উপ-প্রকল্প পরিচালক হিসেবে এবং বর্তমানে ৯টি সরকারি মাধ্যমিক বিদ্যালয় স্থাপন প্রকল্পের প্রকল্প পরিচালক এবং TQI-II প্রকল্পের প্রকল্প পরিচালক (অতিরিক্ত দায়িত্ব) হিসেবে কর্মরত রয়েছেন। তাঁর একাধারে শিক্ষক হিসেবে, প্রশিক্ষক হিসেবে ও শিক্ষা প্রশাসনে কাজ করার দীর্ঘ অভিজ্ঞতা রয়েছে।

প্রশিক্ষণঃ

জনাব রায়হানা বুনিনাদী প্রশিক্ষণ থেকে শুরু করে এ পর্যন্ত দেশে-বিদেশে বিভিন্ন ধরনের প্রশিক্ষণ গ্রহণ করেছেন। তার মধ্যে উল্লেখযোগ্য হচ্ছে, বিষয়ভিত্তিক উচ্চতর প্রশিক্ষণ কোর্স, পরিকল্পনা ও উন্নয়ন প্রশিক্ষণ কোর্স, জীবন দক্ষতাভিত্তিক প্রশিক্ষণ, ICT-enabled Teachers Training Program, Advanced ICT Training, e-GP প্রশিক্ষণ ইত্যাদি। তিনি বিদেশ থেকেও বিভিন্ন প্রশিক্ষণ গ্রহণ করেছেন। এর মধ্যে উল্লেখযোগ্য হচ্ছে- Leadership in Mathematics Education Program-Queen's University Canada, A Specialized Training Program in Core Subject Strengthening for Teachers Mathematics- University of Centerburg, New Zealand, Core Subject Strengthening Mathematics, Kasetsart University, Bangkok, Thailand.

জনাব রায়হানা তসলিম ২০১০ সাল থেকে এটুআই প্রোগ্রামের শিক্ষা উইং এর বিভিন্ন কার্যক্রমে অংশগ্রহণ করেছেন। তিনি ২০১০ সাল থেকে গণিত ও আইসিটি বিষয়ের কোর ট্রেনার ও মাস্টার ট্রেনার হিসেবে কাজ করেছেন। এর ধারাবাহিকতায় তাঁর প্রাইমারি, সেকেন্ডারি এবং টারসিয়ারি লেভেলে প্রশিক্ষক হিসেবে কাজ করার অভিজ্ঞতা রয়েছে। এছাড়াও ব্যানবেইস এবং টেকনিক্যাল টিচার্স ট্রেনিং কলেজেও তিনি প্রশিক্ষক হিসেবে কাজ করেছেন।

সামাজিক কর্মকাণ্ডঃ

জনাব রায়হানা তসলিম বিভিন্ন সামাজিক কর্মকাণ্ডে সম্পৃক্ত রয়েছেন। তিনি বাংলাদেশ গণিত সমিতি'র নির্বাচিত যুগ্ম-সম্পাদক, বিসিএস উইম্যান নেটওয়ার্ক, বৃহত্তর ময়মনসিংহ সাংস্কৃতিক ফোরাম, বৃহত্তর ময়মনসিংহ সাংস্কৃতিক ফোরাম, বৃহত্তর ময়মনসিংহ সমন্বয় পরিষদ, বৃহত্তর ময়মনসিংহ কর্মজীবী সমিতি, বৃহত্তর ময়মনসিংহ সমিতি, ঢাকা, নেত্রকোণা জেলা সমিতি, ঢাকা ইত্যাদি সামাজিক এসোসিয়েশন-এ বিভিন্ন পদে দায়িত্ব পালন করছেন। তিনি অফিসার্স ক্লাব, ঢাকা, বাংলা একাডেমি ও রোটারী ক্লাব অব ঢাকা আরবানা'র সদস্য।

স্কাউটিংঃ

জনাব রায়হানা স্কুল জীবন থেকেই ব্লু-বার্ড, গার্ল-গাইডস, রেড ক্রিসেন্ট, স্কাউটিং ইত্যাদির সাথে সম্পৃক্ত ছিলেন। পরবর্তী জীবনে তিনি রোভার স্কাউট- এর বেসিক ও এডভান্স কোর্স সম্পন্ন করেছেন এবং বর্তমানে তিনি উডব্যাড সম্পন্নকারী একজন স্কাউটার। তিনি স্কাউটিং -এর বিভিন্ন বেসিক কোর্সে প্রশিক্ষক হিসেবে কাজ করেছেন। বাংলাদেশ স্কাউটস, ঢাকা জেলা রোভারের বিভিন্ন মেয়াদে সহকারী কমিশনার ও সহযোজিত সদস্য হিসেবে দায়িত্ব পালন করেছেন। জনাব রায়হানা বোটারী ইন্টারন্যাশনাল এর একজন **পল হ্যারিস ফেলো**।

প্রকাশনাঃ

জনাব রায়হানা তসলিম শিক্ষা মন্ত্রণালয় কর্তৃক প্রকাশিত বি.এড শ্রেণির গণিত ও আইসিটি বিষয়ক বই-এর একজন লেখক। এছাড়াও তাঁর লেখা নারীর ক্ষমতায়ণ, গণিত, ই-লার্নিং ও আইসিটি বিষয়ক প্রবন্ধ বিভিন্ন জাতীয় দৈনিক এবং ম্যাগাজিনে প্রকাশিত হয়েছে।

ভ্রমণঃ

জনাব রায়হানা এ পর্যন্ত বহু দেশ ভ্রমণ করেছেন। সরকারি ব্যবস্থাপনায় তিনি কানাডা, নিউজিল্যান্ড, সুইডেন, থাইল্যান্ড, শ্রীলঙ্কা, ভারতসহ বিভিন্ন দেশে বিভিন্ন মেয়াদে প্রশিক্ষণ গ্রহণের জন্য এবং ব্যক্তিগত ব্যবস্থাপনায় USA, ফিনল্যান্ড, নরওয়ে, সিঙ্গাপুর, মালয়েশিয়া, নেপাল, ভুটানসহ বিভিন্ন দেশ ভ্রমণ করেছেন।

পুরস্কারঃ

২০১২ সালে Best Teachers Award অর্জন করেন।

ব্যক্তি জীবনঃ

জনাব রায়হানা ১৯৯৬ সালে মাদারীপুর জেলার শিবচর উপজেলার প্রফেসর ড. মো: সেলিম মিয়্যার সাথে বিবাহ বন্ধনে আবদ্ধ হন। তাঁর স্বামী বিসিএস ১৪ ব্যাচের একজন কর্মকর্তা। বর্তমানে তিনি খামরাই সরকারি কলেজ, ঢাকার অধ্যক্ষ হিসেবে কর্মরত রয়েছেন। তাঁদের এক কন্যা স্মোপার্জিতা তানহা আকন্দ রোদেলা ব্র্যাক বিশ্ববিদ্যালয়ের CSE ডিপার্টম্যান্ট এ অধ্যয়নরত। জনাব রায়হানা পাঁচ ভাই বোনের মধ্যে দ্বিতীয়।